

সুধারামে ছাত্রী ধর্ষণের চেষ্ঠা : আটক ৩

নোয়াখালী সংবাদদাতা ॥ গত রবিবার রাতে সুধারামের পূর্ব চর উরিয়া গ্রামের আলাউদ্দিনের কন্যা ও কালিতারা বালিকা উচ্চ বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্রীকে (১৪) ধর্ষণের চেষ্ঠাকালে বিএনপি নামধারী চিহ্নিত ৩ সন্ত্রাসী নিরুমা মাসুদ (২৪), রায়হান (২৬) ও সুমন কে' (২৪) এলাকাবাসী ধরে গণধোলাই দিয়ে পুলিশে সোপর্দ করে। পুলিশ জানায়, আলাউদ্দিনের কন্যা রাত ৮টা কমে একা বসে পড়লেখা করছিল। পুরুষশূন্য বাড়িতে ৩ সন্ত্রাসী কুমের সামনের দরজায় তালা বন্ধ করে দিয়ে পিছনের দরজা দিয়ে ঢুকে তাকে জোরপূর্বক ধর্ষণের চেষ্ঠা করে। তার চিৎকারে পার্শ্বের কুম থেকে তার মামী এসে তাকে রক্ষার চেষ্ঠা করলে সন্ত্রাসীরা তাকে নিয়েও টানা-হেঁচড়া শুরু করে। অন্য ঘর থেকে মেয়েটির মা চিৎকার শুনে এগিয়ে আসলে সন্ত্রাসীরা তার সাথে ধস্তাধস্তি শুরু করে। বাড়ীর মহিলাদের চিৎকারে এলাকার লোকজন ঘেরাও করে মাসুদ, রায়হান ও সুমনকে হরে গণধোলাই দিয়ে আটক করে পুলিশকে খবর দেয়। গতকাল সোমবার সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেট আদালত ১৬৪ ধারায় ঐ ছাত্রীর জবানবন্দি রেকর্ড করে। আটককৃতদের আদালতে হাজির করা হলে আদালত তাদের জামিন না-মঞ্জুর করে জেল-হাজতে প্রেরণ করে।